# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

**সাভার, ঢাকা।**

## সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটগণের প্রতিনিধি নির্বাচনের জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েট সদস্য হিসেবে নিবন্ধিত হবার নিয়মাবলী

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এ্যাক্ট ১৯৭৩ এর ১৯ (১) (আই) ধারা অনুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট সদস্যগণের প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত সংশোধিত সংবিধি (চতুর্থ)-এর ১.৩ ধারা অনুযায়ী 'রেজিস্টার্ড গ্র্যাজুয়েট সেল' কর্তৃক প্রণীতব্য তালিকায় নাম অন্তর্ভূক্তির জন্য ju-regigraduate.org ওয়েবসাইটে নিম্নে উল্লিখিত প্রক্রিয়া অনুসরণপূর্বক **ছবিসহ অন্যান্য তথ্যাদি আপলোড করতে** অনুরোধ করা যাচ্ছে।

### রেজিস্টার্ড গ্র্যাজুয়েট (ইতিপূর্বে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ছিলেন কিন্তু অনলাইন প্রক্রিয়ায় তথ্য হালনাগাদ করেননি) হিসাবে নিবন্ধিত হবার জন্য আবেদন করার নিয়মাবলিঃ (নিবন্ধন ফি প্রয়োজন নেই)

ক) ju-regigraduate.org ওয়েবসাইট থেকে **"রেজিস্ট্রেশন নম্বর পুনরুদ্ধার"** মেনুতে ক্লিক করে **স্ব-স্ব রেজিস্ট্রেশন নম্বর জেনে নিয়ে 'অনলাইন রেজিস্ট্রেশন (পুরাতন)'** মেনুতে ক্লিক করতে হবে।

খ) অনলাইন আবেদনফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ যেমনঃ নাম, পিতার নাম, মাতার নাম, গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন নম্বর, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ই-মেইল, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, সদস্যের ধরণ, বিষয়ের নাম, শিক্ষাবর্ষ, পাশের সন, হলের নাম ইত্যাদি সঠিকভাবে পূরণ করতে হবে।

গ) অনলাইন আবেদন ফরমের অন্যান্য তথ্যসমূহের সাথে স্নাতক/এম.ফিল./পি-এইচ.ডি. ডিগ্রির সনদপত্র **(ফাইল সাইজ ৫০০ KB এর বেশী নয়)**, জাতীয় পরিচয়পত্র /পাসপোর্ট **(ফাইল সাইজ ৫০০ KB এর বেশী নয়)** এবং সদ্য তোলা এককপি পাসপোর্ট আকারের রঙিন ছবি **(৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ KB এর বেশি নয়)** স্ক্যান করে আপলোড করতে হবে।

ঘ) প্রদত্ত তথ্য সঠিক হলে পবরর্তী ধাপে গেলে আবেদনকারীর মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে একটি ভেরিফিকেশন কোড পাঠানো হবে। **এসএমএস এ প্রাপ্ত ভেরিফিকেশন কোডটি টাইপ করে মোবাইল নম্বর ভেরিফাই করে** অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে ।

ঙ) এরপর আবেদনটি যাচাই-বাছাই করে সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে একটি PIN number পাঠানো হবে ।

### রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড ঃ

চ) এসএমএস-এর মাধ্যমে PIN number টি পাবার পর ju-regigraduate.org ওয়েবসাইট থেকে "ভোটার আইডি ডাউনলোড" মেনুতে ক্লিক করে আবেদনকারীর **মোবাইল নম্বর** ও **PIN number** প্রদান করে লগ ইন করে রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে ।

## নতুন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে নিবন্ধিত হবার জন্য আবেদন করার নিয়মাবলিঃ

ক) নতুন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে নিবন্ধিত হবার জন্য **সাধারণ (তিন বছরের জন্য) নিবন্ধন ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা এবং আজীবন নিবন্ধন ফি বাবদ ১০০০ (এক হাজার) টাকা** আবেদনকারীর নিজের **ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট** একাউন্ট থেকে অথবা এজেন্টের **রকেট** একাউন্ট থেকে উল্লিখিত পরিমাণ টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েট সেলের **Biller ID 2418** তে জমা দিতে হবে। উপরোক্ত **ফি এর সাথে ১.৫% মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ** প্রযোজ্য হবে।

## DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য ***৩২২#** ডায়াল করতে হবে।

ii) Payment সিলেক্ট করতেহবে।

iii) অতঃপর Bill Pay সিলেক্ট করতেহবে।

iv) **Biller ID** হিসেবে **2418** টাইপ করতে হবে।

v) **Bill Number** হিসেবে আবেদনকারীর **নিজের মোবাইল নম্বর** টাইপ করতে হবে ।

vi) Amount হিসেবে সংশ্লিষ্ট নিবন্ধন ফি (৫০০/- অথবা ১০০০/-) টাইপ করতে হবে।

vii) এবার DBBL মোবাইল ব্যাংকিং পিন টাইপ করতে হবে।

viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS-এর মাধ্যমে একটি **Transaction ID (Txnid)** আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে ।

খ) এরপর ju-regigraduate.org ওয়েবসাইট থেকে **"অনলাইন রেজিস্ট্রেশন (নতুন)"** মেনুতে ক্লিক করে উপরে প্রাপ্ত Transaction ID টি প্রদান করলে এবং **Transaction ID সঠিক হলে আবেদন ফরম** আসবে ।

গ) অনলাইন আবেদনফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ যেমনঃ নাম, পিতারনাম, মাতার নাম, রেজিস্ট্রেশন নম্বর, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ই-মেইল, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, সদস্যের ধরণ, বিষয়ের নাম, শিক্ষাবর্ষ, পাশের সন, হলের নাম ইত্যাদি সঠিকভাবে পূরণ করতে হবে।

ঘ) অনলাইন আবেদন ফরমের অন্যান্য তথ্যসমূহের সাথে স্নাতক/এম.ফিল./পি-এইচ.ডি. ডিগ্রির সনদপত্র (ফাইল সাইজ ৫০০ KB এর বেশী নয়), জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট (ফাইল সাইজ ৫০০ KB এর বেশী নয়) এবং সদ্য তোলা এককপি পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ KB এর বেশি নয়) স্ক্যান করে আপলোড করতে হবে।

ঙ) প্রদত্ত তথ্য সঠিক হলে পরবর্তী ধাপে গেলে আবেদনকারীর মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে একটি ভেরিফিকেশন কোড পাঠানো হবে। এসএমএস এ প্রাপ্ত ভেরিফিকেশন কোডটি টাইপ করে মোবাইল নম্বর ভেরিফাই করে অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে ।

চ) এরপর আবেদনটি যাচাই-বাছাই করে সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে একটি PIN number পাঠানো হবে।

## রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড ঃ

ছ) এসএমএস-এর মাধ্যমে PIN number টি পাবার পর ju-regigraduate.org ওয়েবসাইট থেকে "রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড" মেনুতে ক্লিক করে আবেদনকারীর **মোবাইল নম্বর** ও **PIN number** প্রদান করে লগ ইন করে রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে ।

(জ) অনুসন্ধান ঃ মোবাইল ফোন ঃ **০১৭১০১৬০৮৭৪, ০১৮৮৪৮৮৫৬৩০ ও ০১৮৮৪৮৮৫৬৩১**

ই-মেইল ঃ regigraduate@juniv.edu